السنّة النبوية وعلومها
www.sunnah.global

“কোন আহবানকারী জান্নাতী লোকেদেরকে আহ্বান করে বলবে, এখানে সর্বদা তোমরা সুস্থ থাকবে, কখনো অসুস্থ হবে না। তোমরা স্থায়ী জীবন লাভ করবে, কখনো তোমরা মরবে না। তোমরা যুবক থাকবে, কখনো তোমরা বৃদ্ধ হবে না। তোমরা সর্বদা সুখস্বাচ্ছন্দ্যে থাকবে, কখনো আর তোমরা কষ্ট - ক্লেশে পতিত হবে না

আবু সাঈদ আল খুদরী ও আবু হুরাইরাহ রাদিয়াল্লাহু আনহুমা সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত; তিনি বলেন, “কোন আহবানকারী জান্নাতী লোকেদেরকে আহ্বান করে বলবে, এখানে সর্বদা তোমরা সুস্থ থাকবে, কখনো অসুস্থ হবে না। তোমরা স্থায়ী জীবন লাভ করবে, কখনো তোমরা মরবে না। তোমরা যুবক থাকবে, কখনো তোমরা বৃদ্ধ হবে না। তোমরা সর্বদা সুখস্বাচ্ছন্দ্যে থাকবে, কখনো আর তোমরা কষ্ট-ক্লেশে পতিত হবে না। এটাই মহা মহিম আল্লাহর বাণী: {وَنُودُوا أَنْ تِلْكُمُ الْجَنَّةُ أُورِثْتُمُوهَا بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ} [الأعراف: 43]. (আর তাদেরকে সম্বোধন করে বলা হবে, তোমরা যে ’আমল করতে তারই বিনিময়ে তোমাদেরকে এ জান্নাতের উত্তরাধিকারী করা হয়েছে।) [সূরা আল আ’রাফ ৪৩] এর ব্যাখ্যা।

[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লালাহু আলাইহি ওয়াসাল্লাম উল্লেখ করেছেন যে একজন আহবানকারী জান্নাতবাসীদেরকে আহ্বান করবে যখন তারা তাতে স্বাচ্ছন্দ ভোগ করবে: "নিশ্চয়ই তোমরা সুস্থ থাক জান্নাতে কখন অসুস্থ হবে না, রোগের মাত্রা যত সামান্য হক; তোমরা জীবিত থাকবে, কখনো মরবে না, এমনকি যদি এটি একটি ছোট মৃত্যুও হয়; তোমরা যৌবন থাকবে এতে কখনো বৃদ্ধ হবে না; তোমরা স্বাচ্ছন্দ ভোগ কর কখনো এতে দুঃখিত ও নিরাশ হবে না। এটিই মহান আল্লাহর বাণী: {وَنُودُوا أَنْ تِلْكُمُ الْجَنَّةُ أُورِثْتُمُوهَا بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ} [الأعراف: 43]. (আর তাদেরকে সম্বোধন করে বলা হবে, তোমরা যে ’আমল করতে তারই বিনিময়ে তোমাদেরকে এ জান্নাতের উত্তরাধিকারী করা হয়েছে।) [আল আ’রাফ ৪৩]

https://www.sunnah.global/hadeeth/bn/show/8341

النجاة الخيرية
ALNAJAT CHARITY
لجنة الدعوة الإلكترونية
EDC E-Da'wah Committee